

একই নম্বর ও তারিখের আদেশের স্থলাভিষিক্ত হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২১.২০১৯-৩৪০

তারিখঃ ০২ জ্যৈষ্ঠ ১৪২৬
১৬.০৫.২০১৯

আদেশ

যেহেতু, ডাঃ সিফাত সুলতানা হক (১৩৪০৭৮), সহকারী সার্জন, ছাওলা ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, পীরগাছা, রংপুর গত ৩০.০৬.২০১৮ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ১১.০৩.২০১৯ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০২১.২০১৯-১৪৪ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ সিফাত সুলতানা হক (১৩৪০৭৮) ব্যক্তিগত শুনানীতে জানান যে, ০১.০৫.২০১৮ হতে ৩০.০৬.২০১৮ পর্যন্ত বহিঃ বাংলাদেশ অর্জিত ছুটি নিয়ে নেদারল্যান্ডে অবস্থানরত স্বামীর সাথে সাক্ষাতের নিমিত্ত কর্মস্থল ত্যাগ করেন। তিনি বিদেশে অবস্থানকালীন অসুস্থ হলে চিকিৎসকের শরণাপন্ন হন। তিনি শুখন ৪ সপ্তাহ ৪ দিনের গর্ভবর্তীসহ সাব কোরিওনিক হেমাটোমা, হিমোগ্লোবিন ইডিজিজ ও এ্যাজমা রোগে আক্রান্ত হন। চিকিৎসার জন্য Maastrich UMC+ নামক হাসপাতালে চিকিৎসা গ্রহণ করেন। তাকে নেদারল্যান্ড হতে বাংলাদেশে ভ্রমণ করে আসার অনুমতি প্রদান না করায় বাংলাদেশে আসতে পারেননি। নির্ধারিত ছুটির মেয়াদ শেষ হওয়ার পূর্বেই কর্তৃপক্ষের বরাবরে গত ২৭/০৬/২০১৮ তারিখে নেদারল্যান্ড থেকে ই-মেইলের মাধ্যমে ছুটির মেয়াদ বৃদ্ধির জন্য আবেদন করেন। পরবর্তীতে তিনি কিছুটা শারীরিক সুস্থতা অনুভব করলে চিকিৎসকের পরামর্শ মোতাবেক দেশে প্রত্যাবর্তন করেন এবং ১১.০২.২০১৯ তারিখে কর্মস্থলে যোগদান করে স্থায়ী দায়িত্ব পালন করে আসছেন;

সেহেতু, ডাঃ সিফাত সুলতানা হক (১৩৪০৭৮), সহকারী সার্জন, ছাওলা ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, পীরগাছা, রংপুর এর সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগের গুরুত্ব বিবেচনায় উক্ত বিধিমালা ৪(২)(ক) বিধি অনুযায়ী 'তিরস্কার' লঘু দণ্ড আরোপ করা হলো। তার অনুপস্থিতকালীন সময় ০১.০৭.২০১৮ হতে ১০.০২.২০১৯ তারিখ পর্যন্ত মোট ৭ মাস ১০ দিন বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো। তিনি ভবিষ্যতে এ বিষয়ে বকেয়া সুবিধাদি দাবি করতে পারবেন না। তাকে এ বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।


২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত/-
তারিখঃ ১৬/০৫/২০১৯
(মোঃ আসাদুল ইসলাম)
সচিব
তারিখঃ ১৬.০৫.২০১৯

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২১.২০১৯-৩৪০/১(১১)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস এর কম্পিউটার ও ডাটা সিতে সংরক্ষণ করার জন্য)।
- ৩। উপসচিব (পার-১/৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃঙ্খলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো]
- ৬। সিভিল সার্জন, রংপুর।
- ৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পীরগাছা, রংপুর।
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। ডাঃ সিফাত সুলতানা হক (১৩৪০৭৮), সহকারী সার্জন, ছাওলা ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, পীরগাছা, রংপুর।
- ১১। অফিস কপি।


মোঃ আবদুছ সালিম
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hds.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১১৭.২০১৭-৪২০

তারিখঃ

২০ জুলাই, ২০১৬

২০০৭.২০১৯

প্রজ্ঞাপন

যেহেতু, ডাঃ মোঃ শাহজাহান (৪১২৫১), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা গত ১৬.০৯.২০০৭ তারিখে পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকায় নাস্ত করা হলেও যথায়থ কর্তৃপক্ষ বরাবর যোগদান পত্র দাখিল না করে ০২.০৮.২০১৭ তারিখ পর্যন্ত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থেকে পদায়ন ও কর্মস্থলে অনুপস্থিত সময়কাল নিয়মিতকরণের জন্য আবেদন করেন;

যেহেতু, তিনি একনংগাড়ে ৫(পাঁচ) বছরের অধিককাল অর্থাৎ ৯ বছর ১০ মাস ৩ দিন সরকারী চাকরিতে বিনানুমতিতে অনুপস্থিত রয়েছেন; যেহেতু, গত ০১.১০.২০১২ তারিখে তাঁর সরকারি চাকুরিতে অনুপস্থিতিকাল (অনুমোদিত এবং অনুমোদনবিহীন ছুটিসহ) ধারাবাহিকভাবে ০৫ (পাঁচ) বছর অতিক্রান্ত হয়েছে;

যেহেতু, বিএসআর (পার্ট-১) এর বিধি-৩৪ মোতাবেক তাঁর চাকরি অবসান ঘটানোর আদেশ কেন জারি করা হবে না মর্মে তাঁকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;


যেহেতু, তাঁর জবাব সন্তোষজনক বিবেচিত হয়নি;

যেহেতু, তাঁর চাকরি অবসান ঘটানোর আদেশ জারির প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে। ডাঃ মোঃ শাহজাহান (৪১২৫১), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকার কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ০১.১০.২০১২ তারিখ হতে তাঁর চাকরির অবসান কার্যকর হবে। গত ৩০.০৯.২০০৭ তারিখ হতে তিনি কোন আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না। উক্ত তারিখ হতে কোন বেতন ভাতাদি উত্তোলন করা হলে তা সরকারি দাবী আদায় আইন ১৯১৩ অনুযায়ী আদায়যোগ্য হবে।

জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(মোঃ আসাদুল ইসলাম)
সচিব

তারিখঃ

২০১৯

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১১৭.২০১৭-৪২০/১(৩০)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (ডাটা বেইসে সংরক্ষণ করার জন্য)।
- ৩। উপসচিব (পার-১/২/৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। উপপরিচালক, বাংলাদেশ ফরেনস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃঙ্খলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।]
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ ও সংশ্লিষ্ট কর্মকর্তার পিডিএস-এ উল্লিখিত ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। ডাঃ মোঃ শাহজাহান (৪১২৫১), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

স্থায়ী ঠিকানাঃ (পিতা-আবদুল হামিদ, গ্রাম-বড়রায় পাড়া, পোঃ বিকে রায় পাড়া, থানাঃ গজারিয়া, জেলাঃ মুন্সিগঞ্জ)

মোবাইল নং-০১৭৫৩-০৫২৯৮৩. Email:drjan2009@yahoo.com

১০। অফিস কপি।


মোঃ আবদুছ সালাম

উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

disc@hds.gov.bd